

যায়যায়দিন

শিক্ষা ৩৪

তারিখ ... 2-2-2007 ...
পৃষ্ঠা ... ৩ ...

অ্যাডমিশন টেস্ট ছাড়াই ইন্টারে ভর্তির নীতিমালা ঘোষণা

যাযাদি রিপোর্ট

সরকার ২০০৭-০৮ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নতুন নীতিমালা ঘোষণা করেছে। ভর্তির জন্য বাছাই বা পরীক্ষা নেয়া হবে না। আগামী ১ আগস্ট ক্লাস শুরু হবে। বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ ২৬ জুলাই এবং ৫ আগস্ট পর্যন্ত বিলম্ব ফি দিয়ে শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে। শিক্ষার্থীদের এসএসসি বা সমমানের পরীক্ষার রেজাল্টের ভিত্তিতে ভর্তি করা হবে। বিভাগীয় ও জেলা সদরের কলেজগুলোতে ভর্তির ক্ষেত্রে ১০ ভাগ আসন সদরের বাইরের শিক্ষার্থীদের

জন্য সংরক্ষিত রেখে বাকি আসন সবার জন্য উন্মুক্ত থাকবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে এক বৈঠকে এ নীতিমালা চূড়ান্ত করা হয়। নীতিমালায় বলা হয়েছে, ২০০৫, ২০০৬ ও ২০০৭ সালে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এ নীতিমালার আওতায় বোর্ড কর্তৃক স্বীকৃত প্রাপ্ত যে কোনো কলেজে ভর্তি হতে পারবে। 'এ' গ্রেড প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সব বিষয়ের ওপর সর্বোচ্চ ৪৩ পয়েন্ট ধরে ক্রমান্বয়ে ৪০ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বিজ্ঞান শাখায় ভর্তির ক্ষেত্রে

সমপয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের বাছাইয়ের ক্ষেত্রে পর্যায়ক্রমে সাধারণ গণিত, উচ্চতর গণিত, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান ও জীব বিজ্ঞানে ৫ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তাতেও সমপয়েন্ট প্রাপ্তি সমস্যার সমাধান না হলে নিয়মিত পরীক্ষার্থীদের জ্যেষ্ঠ জন্ম তারিখ সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে। বিজ্ঞান শাখা থেকে পাস করা শিক্ষার্থীরা বিজ্ঞান, মানবিক বা ব্যবসায় শিক্ষা শাখার যে কোনো একটিতে ভর্তি হতে পারবে। মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীরা

ক ৬

অ্যাডমিশন টেস্ট ছাড়াই

(প্রথম পৃষ্ঠার পর)

মানবিক বা ব্যবসায় শিক্ষা শাখার যে কোনো একটিতে ভর্তি হতে পারবে। নীতিমালায় আরো বলা হয়, ভর্তি ছাত্রছাত্রীদের কাছ থেকে ভর্তির জন্য আবেদন ফরম ১০ টাকা ও ভর্তি ব্যবস্থাপনা ব্যয় ৫০ টাকা গ্রহণ করা যাবে। তবে এ টাকার জন্য শিক্ষার্থীদের রসিদ দিতে হবে। ভর্তির সময় বোর্ড কর্তৃক অনুমোদিত অন্যান্য ফি হলো রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা, ক্রীড়া ফি ২৫ টাকা, রোডার স্কাউট/গার্লস গাইড ফি ১০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭ টাকা, শাখা/বিষয় পরিবর্তন ফি ২৫ টাকা, পাঠ বিরতি ফি ১০০ টাকা ও বিলম্ব ভর্তি ফি ৫০ টাকা। বিলম্ব ফিসহ ভর্তিকৃত শিক্ষার্থীর টটালিস্ট, রেজিস্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দেয়ার শেষ তারিখ ১৫ আগস্ট। বিলম্ব ফি ছাড়া এসব ১২ আগস্টের মধ্যে বোর্ডে জমা দিতে হবে। কলেজগুলোর ভৌত অবকাঠামো ও শিক্ষক সংখ্যা অনুযায়ী স্ব স্ব কলেজের আসন সংখ্যা নির্ধারণ করে ভর্তি বিজ্ঞানের আগেই বোর্ডকে অবহিত করতে হবে। এ নিয়ম অমান্য করা হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। বোর্ড নির্ধারিত ফিসহ অনুমোদিত অন্যান্য সব ফি,

আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে কলেজ কর্তৃপক্ষ নোটিশ বোর্ডসহ বিজ্ঞপ্তি যথাযথ প্রচারের মাধ্যমে ভর্তির জন্য প্রার্থীদের কাছে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করবে। আবেদনপত্র প্রাপ্তির পর কোনো কলেজ তার আসন সংখ্যার সমান সংখ্যক ভর্তি যোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম তালিকা ও মোট আসন সংখ্যার ২৫ ভাগ অপেক্ষমাণ মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করবে।

কোনো শিক্ষা প্রতিষ্ঠান কোনো অবস্থাতেই শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নাম্বারপত্র শিক্ষার্থী বা তার অভিভাবক বা তাদের কোনো একজনের কাছ থেকে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি ছাড়া অন্য কারো কাছে হস্তান্তর করবে না বা কোনো অজ্ঞহাতে ট্রান্সক্রিপ্ট আটক রাখতে পারবে না। এ নীতিমালার কোনো ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাউলসহ এমপিওভুক্তি বাউল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রিন্সিপালের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা নেয়া হবে বলে নীতিমালায় জানানো হয়।